# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩৩৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪১১]

১৭। বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ৫. ইহরামধারী ব্যক্তির বিবাহ করা হারাম এবং তার বিবাহের প্রস্তাব দেয়া দূষণীয়

باب تَحْرِيمِ نِكَاحِ الْمُحْرِمِ وَكَرَاهَةِ خِطْبَتِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ، حَدَّثَنَا أَبُو فَزَارَةَ، عَنْ يَزِيدَ بْنِ الأَصَمِّ، حَدَّثَتْنِي مَيْمُونَةُ بِنْتُ الْحَارِثِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم تَزَوَّجَهَا وَهُوَ حَلاَلٌ قَالَ وَكَانَتْ خَالَتِي وَخَالَةَ ابْنِ عَبَّاسٍ .

বাংলা

৩৩৪৪-(৪৮/১৪১১) আবূ বকর ইবনু শায়বাহ্ (রহঃ) ..... ইয়াযীদ ইবনুল আসাম (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, হারিসের কন্যা মায়মূনাহ্ (রাযিঃ) আমার কাছে বর্ণনা করেছেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইহরাম মুক্ত অবস্থায় তাকে বিবাহ করেন। তিনি আরও বলেন, তিনি ছিলেন আমার খালা এবং ইবনু আব্বাস (রাযিঃ)-এরও খালা।* (ইসলামিক ফাউন্ডেশন ৩৩১৯, ইসলামীক সেন্টার ৩৩১৭)

## English

Yazid b. al-Asamm reported:
Maimuna daughter of al-Harith narrated to me that Allah's Messenger (ﷺ) married her and he was not in the state of Ihram. And she (Maimuna) was my mother's sister and that of Ibn 'Abbas (Allah be pleased with them).

ফুটনোট

* কোন স্ত্রীলোক ও তার খালাকে একত্র (বিবাহ) করা যাবে না। সকল আলিমের মতে, কোন ভাইঝিকে তার ফুফুর সাথে এবং বোনঝিকে তার খালার সাথে একত্রিত করা হারাম। ফুফু বা খালা প্রকৃত হোক বা রূপক হোক, প্রকৃত খালা বা ফুফু হল যথাক্রমে, মায়ের বোন এবং বাবার বোন আর রূপক খালা বা ফুফু হল যথাক্রমে নানা বা দাদীর বোন (পিতা ও মাতার দিক থেকে) তা যতই উপরের দিকে যাক না বোন ও দাদা বা পরদাদার বোন তা যতই উপরের দিক যাক না কেন। ‘আলিমদের ইজমা মতে এদেরকে একত্রিত করা হারাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50427

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন